

প্ৰেম

আজ তোমার সঙ্গে ঝগড়া।  
গতকালও তোমার সঙ্গে ঝগড়া ছিলো।  
আগামী কাল?  
যতদূর মনে হচ্ছে, আগামীকালও তোমার সঙ্গে ঝগড়া থেকে যাবে।

আগামীকাল দোল  
আমি যদি পাশের বাড়ির বৌটির সঙ্গে হোলি খেলি---  
আমি জানি, রাত্তিরেও তুমি আমাকে তোমার পাশে ঘুমুতে দেবেনা।

না দিলে,---নাই বা দিলে!  
কিন্তু জানি, ঝগড়া করতে এসে তুমি কথা বলবে।  
ভীষণ শাসন করবে।  
তারপর  
অনেক রাত্তিরে চাঁদ ডুবে গেলে---  
চুপি - চুপি মশারির পাশে এসে - দেখে যাবে  
মশারিতে ফুটো আছে কিনা!

অশোক মহান্তি

